# ডিসেম্বর/২০১৮ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ মোঃ ফিরুজুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দিনাজপুর সদর, দিনাজপুর। |
| সভার তারিখ | ঃ ২০/১২/২০১৮ খ্রিঃ। |
| সময় | ঃ ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ**

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে ব্র্যাক, দিনাজপুর সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করেন। অত:পর গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

**নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের ডিসেম্বর/২০১৮ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ**

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| সনাক | (১) শিক্ষা কার্যক্রম | প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, এসএমসিকে আরও কার্যকর করা, বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক স্বল্পতা, অবকাঠামোগত সমস্যার সমাধান, তথ্য প্রদানের রেজিষ্টার চালু রাখা, বিদ্যালয় উপবৃত্তি পাওয়ার শর্তসমূহ প্রদর্শন, এসএমসি সদস্যদের তালিকা ফোন নাম্বারসহ বিদ্যালয়ের সামনে ঝুলানো এবং বার্ষিক বাজেট ও খরচের হিসেব জনসম্মুখ্যে প্রকাশসহ সকল বিদ্যালয়ে একটিভ মাদারস ফোরাম গঠনের লক্ষে ২৪ ডিসেম্বর, ২০১৮ জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| | (২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | জনগনের সঠিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দিনাজপুর জেনারেল হাসপাতালের সেবা সম্পর্কিত তথ্যপত্র বিতরনের লক্ষে সনাকে'র উদ্যোগে সেবা সম্পর্কিত তথ্যপত্র তৈরী করা হয়। | | |
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ১২৪ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ২৫৫ জনকে। | দিনাজপুর সদর | |
| | (২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে ৯৫ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | | |
| এফপিএবি | (১) স্বাস্থ্য কার্যক্রম | বিবেচ্য মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ- ০২ জন এবং নারী- ৪ জন। | দিনাজপুর সদর | |
| | (২) দিবস পালন | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পূরক ও পরিপূরক প্রতিষ্ঠান হিসেবে ৪টি পরিবার উন্নয়ন কেন্দ্রের বার্ষিক সাধারণ সভা, বিশ্ব এইড্স দিবস পালন, রোকেয়া দিবস ও আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালন করা হয়। | | |
| অরবিন্দ শিশু হাসপাতাল | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে বহিঃ বিভাগে ২,৭২৬ জনকে সেবা দেওয়া হয় এবং আন্তঃ বিভাগে ৮০৭ জনকে স্বাস্থ্য সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |

| | | | | |
|---|---|---|---|---|
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) পুষ্টিকর খাবার প্রদান<br><br>(৩) সংস্কৃতিক কার্যক্রম | ১৯২ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৫ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়।<br>১৯২জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br><br>৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | দিনাজপুর সদর। | |
| ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেডক মিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প | (১) মা ও শিশুর স্বাস্থ্য, পুষ্টি উন্নয়ন ও ওয়াশ কার্যক্রম<br><br>(২) লাইভলি হুডস<br><br>(৩) জন অংশগ্রহণ, অংশীদারদের ক্ষমতায়ন, শিশুদের সুরক্ষা এবং যত্ন নিশ্চিতকরণ | স্যানিটেশন মাস উদযাপন-৩৮৯ জন (অংশগ্রহনকারী পুরুষ ও মহিল)<br><br>• বিশ্ব দুর্যোগ প্রশমন দিবস<br>• সৃজনে উন্নয়নে বাংলাদেশ মেলায় অংশগ্রহন<br><br>• শিশু নির্যাতন, সহিংষতা রোধ বিষয়ক সচেতনতা ও শিশু বিয়য়ক কার্যক্রম-অংশগ্রহনকারী-১১১২ জন (শিশু ও মহিলা ।<br>• শিশু একাডেমি এবং ওয়ার্ল্ড ভিশন, দিনাজপুর এপি যৌথ উদ্যোগে শিশু অধিকার সপ্তাহ পালন (বাল্য বিবাহ প্রতিরোধ দিবস, জাতীয় কন্যা শিশু দিবস) অংশ গ্রহনকারী-১০০০ জন (শিশু, পুরুষ ও মহিলা ।<br>বিশ্ব সাদাছড়ি দিবস পালন | পৌরসভা, আউলিয়াপুর চেহেলগাজী ও শেখপুরা ইউনিয়ন | |
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরাম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৪০টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশের জমিতে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | দিনাজপুর সদর। | |
| নুরমিশন বাংলাদেশ | (১) নলকুপ স্থাপন<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ১টি নলকুপ স্থাপন করা হয়। **(কোথায় নলকূপ স্থাপন করা হয় তা উল্লেখ করা হয়নি।)**<br><br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান করা হয় ১১৩ জনকে এবং নার্সিং/বিডিএস সহায়তা প্রদান করা হয় ২২ জনকে। | দিনাজপুর সদর। | |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | নার্সারী ও ফ্রি স্কুলে ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষা গ্রহণ ও ফলাফল ঘোষণা করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের ক্লাশ পার্টি ও পিকনিক করা হয়েছে। নতুন ছাত্র-ছাত্রীদের ভর্তি পক্রিয়া শুরু হয়েছে।<br>বিবেচ্য মাসে ১৭ জনকে ২,৪৮,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ২,৯০,৯৩৭/- টাকা। সঞ্চয় আদায় হয় ৪৪,৪৮৪/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ৪২ জনকে ১৩০৯০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ৩০০০৭৭১৮/- টাকা, সঞ্চয় আদায় করা হয় ২৪৫১১৭/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ২০৫৫১৮/- টাকা। | পৌরসভা ১ নং ও ৪নং ইউপি, | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের |

| | | | | |
|---|---|---|---|---|
| | (২) শিক্ষা কার্যক্রম<br><br><br>(৩) কৃষি ও পরিবেশ | ১ নং চেহেলগাজী ইউনিয়নের বড়ইল গ্রামে রোকেয়ার বাড়ীতে ২৬ জন ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে।<br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে আলু ও ভুট্টা এবং বোরো ধান লাইনে রোপন ও মাটি পরীক্ষা করে পরিমিত রাসায়নিক প্রয়োগ করার পরামর্শ প্রদান করা হয়। পাখি বসার জন্য ডার বা কঞ্চি বোরো ধানের জমিতে স্থাপন করার জন্য পরামর্শ দেওয়া হয়। | | অনুরোধ করা হলো। |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ৯৮৮ জন কে ৪,০১,৯০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৬৫ জনকে ২০,২০,০০০/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৩৮ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১২৪২ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ২৮টি স্কুলের ৫০ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (৩) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৭২ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৮ মাসব্যাপি উদযাপন করা হয়েছে। | | |
| | (৪) বনায়ন কার্যক্রম | বিবেচ্য মাসে ১০০৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৮ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে। | | |
| | (৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৮ইং অর্থবছরে ৩৬টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে। | | |
| | (৬) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তির করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৮ পালন করা হয়েছে। | | |
| | (৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১১৮০ জনকে এবং ২০১৮ অর্থ বছরে ১৪৪৫৫ জনকে সেবা প্রদান করা হয়। | | |
| | (৮) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ২০০ কেজি, ২০১৮ অর্থ বছরে ২৪০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে। | | |
| | (৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৮ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৮ পালন করেছে। | | |
| | (১০) প্রশিক্ষণ | বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ১৫৫ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ২২৫ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন।<br><br>(১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে।<br><br>ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস পালন করেছে। | | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br><br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৭,২৬৭,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৫৮৬০,০২০/- টাকা ঋণ আদায় করা হয়।<br><br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ১৮০ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৭০ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে।<br><br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০৫টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচীর বয়স্ক ভাতা, প্রতিবনধীভাতা ও ভিজিএফ/ভিজিটি প্রসংগ।<br>এছাড়া আদর্শগ্রমে ১১টি ও সিবিওতে ১১টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| পিএসটিসি | ❖ হেলথ কার্যক্রম<br><br>❖ দিবস পালন | বিবেচ্য মাসে হেলথ ক্যাম্প সম্পন্ন হয়েছে মোট- ০১ (এক) টি। অংশগ্রহণকারী পুরুষ- ৩১জন, অংশগ্রহণকারী নারী- ০ জন।<br>বিবেচ্য মাসে বিশ্ব এইডস দিবস পালন করা হয়। অংশগ্রহণকারী পুরুষ-৫৫ জন, অংশগ্রহণকারী মহিলা-৪৫ জন। | দিনাজপুর সদর | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br><br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম<br><br>(৩) বাড়ি পরিদর্শন | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৬-৮ বছরে= ক) ভাল বন্ধু হওয়া, খ) কাকে বিশ্বাস করব কাকে বিশ্বাস করব না।<br>৯-১১ বছর= ক) ভাল বন্ধু হওয়া, খ) কাকে বিশ্বাস করব কাকে বিশ্বাস করব না।<br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৮ম- দ্বাদশ শ্রেনী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>চলতি মাসে প্রকল্পের ২৯টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর বার্ষিক পরীক্ষার প্রস্তুতি, বিদ্যালয়ে উপস্থিতি ও বাল্য বিবাহ বিষয়ে গুরুত্বারোপ। | দিনাজপুর সদর। | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধ করা হয়।<br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন করণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন।<br>বিবেচ্য মাসে ২৯ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৩ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br><br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সম্পর্কে অবহিত করা হয়। | দিনাজপুর সদর উপজেলা | |

| | | | | |
|---|---|---|---|---|
| অনন্যা সংস্থা | ❖ প্রতিবন্ধী কার্যক্রম<br><br>❖ শিশু সুরক্ষা ও তামাক বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয় ও ২ টি সচেতনতা সভা করা হয়।<br><br>বিবেচ্য মাসে বাল্য বিবাহ রোধ বিষয়ে ২টি সচেতনতা সভা করা হয় এবং তামাক বিরোধী ২টি সচেতনতা সভা করা হয়। | দিনাজপুর সদর | |
| এসবিও | (১) বৃক্ষরোপন কর্মসূচী<br><br>(২) বস্তি উন্নয়ন প্রকল্প | বিবেচ্য মাসে বৃক্ষরোপন কর্মসূচীর পরিচর্যার কাজ চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে বস্তি বাসিদের নিয়ে ২টি মিটিং করা হয়। বিগত ২ বছর মেয়াদি কমিটির মেয়াদ শেষ, তাই নতুন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | দিনাজপুর সদর | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- সিডিডি, টিএমএসএস, এসএমএনবি, এমএনডিএফ, বিএসডিও, , পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন, ঝানজিরা সমাজ কল্যাণ সংস্থা ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | সোসাইটি ফর উদ্যোগ, নুরমিশন বাংলাদেশ, অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, জেএসকেএস, প্রত্যাশা, সিডিডি, উত্তরণ, এসএমএনবি, এফপিএবি ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

৬। চলমান শীত মৌসুমে শীত বস্ত্র বিতরণের ক্ষেত্রে প্রশাসনকে সম্পৃক্ত করার জন্য ও বিতরণের তালিকা ইউএনও অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর এবং উপজেলা সমাজসেবা অফিস, দিনাজপুর সদর, দিনাজপুরকে প্রদানের জন্য সকল এনজিও প্রতিনিধিকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নংঃ ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

## পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী

( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনজাপুর সদর, দিনজপুর "
২। জনাব মোঃ মহসিন আলী, জেলা ব্র্যাক প্রতিনিধি, ব্র্যাক আঞ্চলিক অফিস, বাঁশেরহাট, দিনাজপুর। "
৩। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ, বালুবাড়ী, দিনাজপুর। "
৪। জনাব মোঃ শাহীনুর ইসলাম, প্রোগ্রাম সমন্বয়কারী, বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি, দিনাজপুর ,
৫। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর "
৬। জনাব পুলিন চন্দ্র রায়, প্রোগ্রাম সমন্বয়কারী, নিরাপদ বাংলাদেশ সংস্থা, সদর, দিনাজপুর। "
৭। জনাব মোঃ হামিদুর রহমান, মাঠকর্মী, অনন্যা সংস্থা, ঈদগাহবস্তি দিনাজপুর "
৮। জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, আমইর সিডিএসপি, বিডি-২৪৫, আমইর নশিপুর, সদর, দিনাজপুর। "
৯। জনাব মো: মোহায়মিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, ডেভেলপমেন্ট কাউন্সিল, ইসলামপাড়া, বিরামপুর দিনাজপুর "
১০। জনাব সেবিষ্টিয়ান হেম্ব্রম, লিগ্যাল প্রমোটর, এনডিএফ, ডাঙ্গাপাড়া, সদর, দিনাজপুর। "
১১। জনাব মো: আব্দুর রাজ্জাক, শাখা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, নিউটাউন-২, সদর, দিনাজপুর। "
১২। জনাব মো: মুর্ণা মিঞা বেলাল, সাধারণ সম্পাদক, পল্লীবন্ধু, উঃ শিবরামপুর, রানীগঞ্জ, সদর, দিনাজপুর "
১৩। জনাব মোঃ রাশেদুল ইসলাম, সাধারণ সম্পাদক, গ্রাম বাংলা বহুমুখী কল্যাণ সমিতি, রানীপুর, সদর, দিনাজপুর "
১৪। জনাব মোঃ আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস, সদর, দিনাজপুর "
১৫। জনাব মোঃ দবিরুল ইসলাম, প্রিন্সিপাল, বিএসডিএ, ঈদগাঁহ আবাসিক এলাকা, দিনাজপুর "
১৬। জনাব আমেনা বেগম, নির্বাহী পরিচালক, নারীর জন্য নারী, ইসলামবাগ, সদর, দিনাজপুর "
১৭। জনাব এন্টিনা দাস, প্রোগ্রাম অফিসার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদাগাহ আবাসিক এলাকা, দিনাজপুর "
১৮। জনাব মোঃ সাইদুর রহমান, সহঃ হিসাব কর্মকর্তা, গাওসুল আযম বিএনএসবি চক্ষু হাসপাতাল, দিনাজপুর। "
১৯। জনাব বিলকিস আর ফয়েজ, সাঃ সম্পাদক, প্রতিবন্ধী বিদ্যালয় ও পুর্নবাসন সংস্থা, বালুবাড়ী, দিনাজপুর। "
২০। জনাব জাকিয়া সুলতানা, সার্বিস প্রোমটোর, মেরী স্টোপস ক্লিনিক, নিউটাউন-১, দিনাজপুর "
২১। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "
২২। জনাব স্বপ্না সুবর্না তপ্ন, জেনারেল সেক্রেটারী, ওয়াইডাব্লিউসিএ, বড়পুল, পুলহাট, দিনাজপুর "
২৩। জনাব ইষ্টের আল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, উঃগোসাইপুর "
২৪। জনাব ডিএসএম জিল্লুর রহমান, নির্বাহী পরিচালক, বিবিডিএস বড়ইল, সদর, দিনাজপুর। "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯. /০৭/ তারিখ ঃ ২০জানুয়ারি, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,...................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব.....................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

২০/১/২০১৯

মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর